

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৭। পানাহার করুন ডান হাতে। দুই হাতে খাবার ধরতে হলেও একটার পর একটা ডান হাতে নিয়েই খান। বাম হাতে খাবেন না

কেননা আল্লাহর রসূল (ﷺ) বলেন, "তোমাদের মধ্যে কেউ যেন তার বাম হাত দ্বারা অবশ্যই না খায় এবং পানও না করে। কারণ, শয়তান তার বাম হাত দিয়ে পানাহার করে থাকে।"

বর্ণনাকারী বলেন, (ইবনে উমার (রাঃ) এর স্বাধীনকৃত দাস তাবেয়ী) নাফে' (রাঃ) দুটি কথা আরো বেশী বলতেন, "কেউ যেন বাম হাত দ্বারা কিছু গ্রহণ না করে এবং অনুরূপ তার দ্বারা কিছু প্রদানও না করে।"[1]

উমার বিন আবী সালামাহ (রাঃ) বলেন, আমি শিশুবেলায় আল্লাহর রসূল (ﷺ) এর কোলে (বসে খাবার সময়) আমার হাত পাত্রের যেখানে-সেখানে পড়লে তিনি আমাকে বললেন,

« يَا غُلاَمُ سَمِّ اللَّهَ وَكُلْ بِيَمِينِكَ وَكُلْ مِمَّا يَلِيكَ »

"ওহে বৎস! আল্লাহর নাম নাও, তোমার ডান হাত দিয়ে খাও এবং নিজের পাশ্বে থেকে খাও।"[2] একদা এক ব্যক্তি আল্লাহর রসূল (ﷺ) এর নিকট বাম হাত দিয়ে কিছু খাচ্ছিল। তিনি তা লক্ষ্য করে তাকে বললেন, "তুমি ডান হাত দিয়ে খাও।" সে বলল, 'আমি পারি না।' রসূল (ﷺ) বললেন, "তুমি যেন না পার। অহংকারই ওকে (আদেশ পালনে বিরত রেখেছে)।" সালামাহ বলেন, 'সুতরাং (এই বদ্বুআর ফলে) সে আর তার হাতকে মুখ পর্যন্ত উঠাতে পারেনি।'[3] কিন্তু যার ডান হাত নেই অথবা ব্যবহার করার ক্ষমতা নেই সে নিরুপায় হয়েই বাম হাত ব্যবহার করবে।

ফুটনোট

- [1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২০, তিরমিয়ী হা/১৮০০, মালেক, আবূ দাউদ ৩৭৭৬
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/৫৩৭৬, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৫৩৮৮৮, মুসনাদে আহমাদ হা/১৬৩৭৫
- [3]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২১

Source — https://www.hadithbd.com/books/link/?id=6962

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন